

মে শ্রেণি  
বিষয় : বাংলাদেশ ও বিশ্ব পরিচয়  
৭ম অধ্যায়

অটিস্টিক শিশুর অধিকার:

প্রতিটি শিশুই একে অপরের থেকে আলাদা। কেউ চঞ্চল, কেউ শান্ত। কেউ ভিড়ে থাকতে ভালোবাসে, কেউ একা একা। তবে আমাদের সবারই নিজের মতো থাকার অধিকার আছে। উদাহরণ হিসাবে আমরা অটিস্টিক শিশুদের কথা জানতে পারি। অটিস্টিক শিশু অটিজম সমস্যায় আক্রান্ত। অটিজম কোনো মানসিক রোগ নয়, মস্তিষ্কের একটি বিকাশগত সমস্যা। এ ধরনের শিশুদের দলে কাজ করতে অসুবিধা হয়। অন্যের স্পর্শও তারা আঁতকে ওঠে। তাদের ভাষার ব্যবহারও ভিন্ন। তারা একই কাজ একটানা করতে থাকে। তাদের বিশেষ যত্ন নিলে তারা সমানভাবে বিকশিত হওয়ার সুযোগ পাবে। অটিস্টিক শিশুর কিছু বৈশিষ্ট্য হলো:

১। অটিস্টিক শিশু শারীরিকভাবে অসুস্থ।

২। কোনো একটি জিনিসের প্রতি বিশেষ আকর্ষণ থাকে এবং সেটি সবসময় সাথে রাখে।

৩। কোনো কোনো অটিস্টিক শিশু অন্য শিশুদের মতোই লেখাপড়া করতে পারে।

৪। তারা আলো, শব্দ, গতি, স্পর্শ, ঘ্রাণ বা স্বাদের ক্ষেত্রে অতি সংবেদনশীল থাকে।

৫। কোনো কোনো অটিস্টিক শিশু চমৎকার প্রতিভার অধিকারী হয়, যেমন- ছবি আঁকা, অংক করা বা গান গাওয়া।

তাহলে একটি অটিস্টিক শিশুর সাথে ক্লাসে কেমন ব্যবহার করা উচিত? আমাদের বুঝতে হবে প্রতিটি শিশু একে অপরের থেকে আলাদা এবং তাদের ধৈর্যশক্তিও অনেক কম। আমাদের উচিত সবার সাথে মিলেমিশে থাকা। আমরা এমন আচরণ করব না যাতে তারা কষ্ট পায় এবং উত্তেজিত হয়।

এ পাঠ শেষে গুরুত্বপূর্ণ কিছু প্রশ্ন এবং উত্তর নিচে দেওয়া হলো:

# অটিস্টিক শিশুরা কোন সমস্যায় আক্রান্ত?

উত্তর: অটিস্টিক শিশুরা অটিজম সমস্যায় আক্রান্ত।

# অটিজম কোন ধরনের সমস্যা?

উত্তর: অটিজম কোনো মানসিক সমস্যা নয়, মস্তিষ্কের একটি বিকাশগত সমস্যা।

# অটিস্টিক শিশুরা কোন ক্ষেত্রে দক্ষ?

উত্তর: অটিস্টিক শিশুরা গণিতে দক্ষ হয়।

# অটিস্টিক শিশুর দুইটি বৈশিষ্ট্য লিখ।

উত্তর: ১। অটিস্টিক শিশু শারীরিকভাবে সম্পূর্ণ সুস্থ।

২। এরা চমৎকার প্রতিভার অধিকারী হয়।

মাহফুজা আক্তার  
সিনিয়র শিক্ষক  
ড্যাফোডিল ইন্টারন্যাশনাল স্কুল, বাবুরহাট